সংবাদ

তারিখ: 23 DEC 2015
পৃষ্ঠা: ৩ কলাম: ২

# শিক্ষকদের আগের সুযোগ-সুবিধা বহাল থাকবে : শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'পাবলিক বিশ্ববিদ্যালয় ও সরকারি কলেজের শিক্ষকরা এতদিন যে সুযোগ-সুবিধা পেয়েছেন, সেসব বহাল থাকবে। এ জন্য সরকার কাজ করছে।' গতকাল মঙ্গলবার সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম আয়োজিত এক সংলাপে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী জানান, এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের স্বচ্ছতা আনতে একটি আইন করার কাজ চলছে। এক মাসের মধ্যেই আইনটি সংসদে উত্থাপন করা হবে। এটি কার্যকর হলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আয়-ব্যয়ে কোনো বিশৃঙ্খলার সুযোগ থাকবে না। এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় যাতে স্বচ্ছভাবে ব্যয় করা হয়; ওই আয় সরকারি কোষাগারে আসবে কি-না এসব বিষয়ও আইনে অন্তর্ভুক্ত হবে বলে তিনি জানান।

সংলাপ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি শ্যামল সরকার। অনুষ্ঠান সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান।

শিক্ষামন্ত্রী জানান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও বিসিএস শিক্ষকদের টাইম স্কেল ও সিলেকশন গ্রেডের বিকল্পও প্রস্তুত করা হচ্ছে।

শিক্ষামন্ত্রী বলেন, 'পাঠ্যপুস্তক ছাপার কাজ শেষ পর্যায়ে। বছরের শুরুতেই প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের হাতে বিনা মূল্যের বই পৌঁছে যাবে।' তিনি জানান, সরকারি পাঠ্যপুস্তক মানসম্মত না হলে সরবরাহকারীদের জরিমানার অর্থ গুনতে হবে। ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## শিক্ষকদের আগের

[তৃতীয় পৃষ্ঠার পর]

'এবার প্রায় ৩৫ কোটি বই ছাপা হচ্ছে। এসব বই ছাপাতে বিশ্বব্যাংকের 'সামান্য' অর্থায়ন রয়েছে। তাই কিছু শর্ত মানতে হয়। এ জন্য ছাপা শুরু করতে দেরি হলেও বই নির্ধারিত সময়েই শিক্ষার্থীদের হাতে পৌঁছবে বলে জানান তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষার গুণগত মান বাড়ছে। এর পরও তা আশানুরূপ নয়। তবে শিক্ষার গুণগত মান বজায় রাখা হচ্ছে সরকারের অন্যতম চ্যালেঞ্জ। নতুন প্রজন্মকে তাদের অর্জিত জ্ঞান জাতির জন্য কাজে লাগাতে হবে।'

এক প্রশ্নের জবাবে নাহিদ বলেন, 'সব মাদ্রাসা জঙ্গি তৈরি করে- তা ঢালাওভাবে বলা ঠিক নয়। ধর্মকে ব্যবহার করে যেন কেউ জঙ্গি কার্যক্রম করতে না পারে, সে ব্যাপারে মাদ্রাসাগুলোকে সতর্ক থাকতে হবে।' শিক্ষামন্ত্রী বলেন, 'বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে আধুনিকায়ন করেছে। অন্য শিক্ষকদের মতো তাদের যথাযথ সম্মান ও মর্যাদা দিয়েছে। মাদ্রাসা শিক্ষার্থীদের লেখাপড়ার জন্য সারাদেশে ১৩শ' মাদ্রাসার ভবন নির্মাণ হয়েছে। ৩৫টি মডেল মাদ্রাসা চালু, পৃথক মাদ্রাসা অধিদপ্তর ও পৃথক আরবি বিশ্ববিদ্যালয়ও প্রতিষ্ঠা হয়েছে। সব ধর্মের শিক্ষাকে সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে। অথচ গত বিএনপি-জামায়াত জোট সরকার মাদ্রাসা শিক্ষার উন্নয়নে কোনো পদক্ষেপ নেয়নি।'

অপর প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, 'সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে এমপিওভুক্ত শিক্ষকরাও জুলাই থেকে নতুন কাঠামোতে বেতন পাবেন। গত জুলাই থেকে এটি কার্যকর হবে। যেহেতু টাকা পরে দেওয়া হবে, এ জন্য তারা একসঙ্গে এরিয়ার হিসেবে অনেক টাকা হাতে পাবেন। একসঙ্গে অনেক টাকা পেলে শিক্ষকরা নিশ্চয় খুশি হবেন।'